

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মানিক মিয়া গোল্ড মেডেল ও বৃত্তি প্রদানের ব্যবস্থা

ইত্তেফাক রিপোর্ট ॥ নির্ভীক
সাংবাদিক দৈনিক ইত্তেফাকের প্রতিষ্ঠাতা-
সম্পাদক তফাজ্জল হোসেন মানিক মিয়ার
নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি ট্রাস্ট ফান্ড
গঠন করা হইয়াছে। তফাজ্জল হোসেন
(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

মানিক মিয়া ট্রাস্ট ফান্ড নামের এই ফান্ড
হইতে প্রতি বছর কলা, সামাজিক বিজ্ঞান ও
বিজনেস স্টাডিজ অনুষদের আওতায় সকল
বিভাগের মধ্যে মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ
নম্বরপ্রাপ্ত ছাত্র অথবা ছাত্রীকে একটি
স্বর্ণপদক এবং অন্যান্য ১০ হাজার টাকা
প্রদান করা হইবে। ইহাছাড়া প্রতিবছর
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের
অনার্স প্রথম বর্ষের পরীক্ষায় যে ছাত্র অথবা
ছাত্রী সর্বোচ্চ নম্বর পাইয়া উত্তীর্ণ হইবে
তাহাকে অনার্স কোর্স সম্পন্ন করার জন্য
বাকি ৩ বছর প্রতি মাসে এক হাজার টাকা
হারে বৃত্তি প্রদান করা হইবে।

গতকাল (বৃহস্পতিবার) ঢাকা
বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে ভিসি'র
কার্যালয়ে এক অনুষ্ঠানে মানিক মিয়া
ফাউন্ডেশনের চেয়ারম্যান, ইত্তেফাক ও
নিউনেশনের সম্পাদকমন্ডলীর সভাপতি
ব্যারিষ্টার মইনুল হোসেন এই ফান্ড গঠনের
লক্ষ্যে ভিসি প্রফেসর এ কে আজাদ
চৌধুরীর নিকট পাঁচ লক্ষ টাকার একটি
চেক প্রদান করিয়াছেন।

এই আনন্দমুখর অনুষ্ঠানে
ইত্তেফাকের প্রবীণতম সাংবাদিক, কেন্দ্রীয়
কচিকাঁচার মেলার পরিচালক রোকনুজ্জামান
খান দাদাভাই, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-
ভিসি প্রফেসর শহীদ উদ্দিন আহমেদ,
কোষাধ্যক্ষ প্রফেসর এম শামসুল হক, কলা
অনুষদের ডীন অধ্যাপক কাজী শহীদুল্লাহ,
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের
চেয়ারম্যান ডঃ সিতারা পারভীন এবং
বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার মুহম্মদ সেলিম
উপস্থিত ছিলেন।

দেশের সাংবাদিকতা জগতের উজ্জ্বল
নক্ষত্র মরহুম তফাজ্জল হোসেন মানিক
মিয়ার স্মৃতির প্রতি সম্মান প্রদর্শন এবং
সাংবাদিকতা ও লেখাপড়ায় মেধাবী ছাত্র-
ছাত্রীদেরকে আরও উৎসাহ প্রদানের লক্ষ্যে
মানিক মিয়া ফাউন্ডেশন এই ট্রাস্ট ফান্ড
গঠনের উদ্যোগ গ্রহণ করে। এই ট্রাস্ট
ফান্ডের কর্মকাণ্ড বাস্তবায়নে ভবিষ্যতে
প্রয়োজনীয় অতিরিক্ত সহযোগিতা প্রদানের
লক্ষ্যে ফাউন্ডেশনের চেয়ারম্যান ব্যারিষ্টার
মইনুল হোসেন পদাধিকারবলে
বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির একজন
সদস্য থাকিবেন।

গতকাল চেক প্রদান উপলক্ষে ভিসি
প্রফেসর এ কে আজাদ চৌধুরী বলেন,
ঢাকা বিশ্ববিদ্যালয়ে তফাজ্জল হোসেন
মানিক মিয়ার নামে ট্রাস্ট ফান্ড গঠন একটি
অনন্য ঘটনা। এই ট্রাস্ট ফান্ড মহান
সাংবাদিক মানিক মিয়া সম্পর্কে তরুণ
প্রজন্মকে জানিতে সাহায্য করিবে।

অনুষ্ঠানে ভিসি প্রফেসর এ কে
আজাদ চৌধুরী ব্যারিষ্টার মইনুল হোসেন ও
রোকনুজ্জামান খান দাদাভাইকে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম খচিত ক্রেস্ট
উপহার দেন।